

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৭৭

আগরতলা, ২৩ মার্চ, ২০২৪

ত্রিপুরা হাইকোর্টের ১১তম প্রতিষ্ঠা দিবস

ত্রিপুরা হাইকোর্টের ১১তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে আজ সন্ধ্যায় হাইকোর্ট পরিসরে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা, সুপ্রিম কোর্টের বিচারপতি সূর্য কান্ত, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ, বিচারপতি সব্যসাচি দত্ত পুরকায়স্থ, বিচারপতি বিপালিত, রেজিস্ট্রার ভি পাণ্ডে, এডভোকেট জেনারেল সিদ্ধার্থ শঙ্কর দে এবং হাইকোর্ট বার অ্যাসোসিয়েশন সভাপতি পুরষোত্তম রায় বর্মণ। অনুষ্ঠান উপলক্ষে অতিথিগণদের হাইকোর্টের পক্ষ থেকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। তাছাড়াও অনুষ্ঠানে ত্রিপুরা হাইকোর্টের এবং রাজ্য প্রশাসনের বিভিন্ন আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
